৬

দৈনিক বাংলা

তারিখ 24 OCT 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

১৮/৯

# ভুলে ভরা মার্কশীট : ছাত্রছাত্রীরা বিপাকে

রফিকুল ইসলাম রতন : টাঙ্গাইল, ২২ অক্টোবর।– ঢাকা বোর্ডের অধীনে এবারের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রায় ৯ হাজার মার্কশীটে অসংখ্য ভুল রয়েছে। এসব মার্কশীট নিয়ে ছাত্রছাত্রীরা কলেজে ভর্তি হতে গিয়ে বিপাকে পড়ছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড কর্তৃক সরবরাহকৃত এসব মার্কশীটে নানা ধরনের ভুল লক্ষ্য করা যাচ্ছে। কোন কোন মার্কশীটে নম্বরের যোগফলে ভুল, কোনটায় নামের বানানে ভুল, লেখা অস্পষ্ট। এ ধরনের মার্কশীটে দেখা গেছে, ছাত্র কিংবা অভিভাবকের নামের পূর্বে 'মোহাম্মাদ'–এর স্থলে 'মোঃ', 'আব্দুল'–এর স্থলে 'আঃ', 'তালুকদার'–এর স্থলে 'তাং', 'খন্দকার'–এর স্থলে 'খঃ' লেখা হয়েছে। আবার কোন কোনটায় 'মোহাম্মদ' বা 'মোঃ' কোনটাই লেখা হয়নি। রেজিস্ট্রেশন ফরমে ছিল না অথচ মার্কশীটে নতুন শব্দ বসানো হয়েছে। তা ছাড়া আকার, ইকার, ঈকার, ঐকার, স, শ, ষ, ইত্যাদির বেলাতেও গড়বড় হয়েছে প্রচুর।

(৫-এর পৃঃ দ্রঃ)

## ভুলে ভরা মার্কশীট

(প্রথম পৃষ্ঠার পর)

টাঙ্গাইল জেলার ২৪৫টি মাধ্যমিক স্কুলের প্রায় প্রতিটিতেই এ ধরনের ভুলে ভরা মার্কশীট সরবরাহ করা হয়েছে। কোন কোন স্কুলে ২০টির বেশী ভুল মার্কশীট এসেছে। প্রতিটি স্কুলে গড়ে ৮টি করে ভুলে ভরা মার্কশীট সরবরাহ করা হয়েছে।

বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দ জানান, ঢাকা বিভাগের তথা বোর্ডের প্রায় প্রতিটি স্কুলেই একই ধরনে ভুলে ভরা মার্কশীট সরবরাহ করা হয়েছে। এক হিসাবে জানা গেছে, ঢাকা বোর্ডের ৮ হাজার ৯শ' ৫৬টি ভুলে ভরা মার্কশীট সরবরাহ করা হয়েছে।

এক ধরনের অনভিজ্ঞ ও আনাড়ি লোক দিয়ে এসব মার্কশীট লেখানো হয়েছে বলে শিক্ষক নেতৃবৃন্দ জানান। এ সব ভুল মার্কশীট নিয়ে ছাত্রছাত্রীরা চরম বিপাকে পড়েছে। কলেজে ভর্তি হতে গেলে কর্তৃপক্ষ এসব মার্কশীট বিশ্বাস করতে চায় না। অপর দিকে এসব ভুল সংশোধন করতেও বোর্ডে নানারকম ঝামেলা পোহাতে হয় এবং সময় লাগে। এদিকে কলেজে ভর্তির সময় প্রায় শেষ। বোর্ডের এক শ্রেণীর দায়িত্বহীন লোকের জন্য হাজার হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ প্রায় অনিশ্চিত হয়ে পড়েছে বলে অভিভাবক ও শিক্ষকগণ জানিয়েছেন।